

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

সিপিটি অনুবিভাগ

সিপি-ও শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার (সেবা প্রদান প্রতিশুতি) পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরনী।

সভাপতি	ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ	১৮/০৫/২০২৩
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব, সিপি অধিশাখা, মহোদয়ের অফিস কক্ষে (ড্রবন নং-০৭, কক্ষ নং-০৮)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, সেবা প্রদান প্রতিশুতি অনুসারে সেবা প্রদানের কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করা হলে এ সকল সংস্থার সেবার গুণগত মান বৃক্ষি পাবে বলে আশা করা যায়। সে লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবীক্ষণ কমিটির পূর্ববর্তী সভায় প্রাথমিকভাবে মন্ত্রণালয়ের আওতাধীন ৩টি দপ্তর/সংস্থার নির্বাচিত কয়েকটি সেবার সেবা প্রদান কার্যক্রম পরিবীক্ষণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে কমিটির সদস্যদের আন্তরিক সহযোগিতা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন।

০২। পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও উপসচিব, সিপি-ও জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশুতি পরিবীক্ষণ কমিটির গত ২৬ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন ৩টি সংস্থা যথা – বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এবং বাংলাদেশ সরকারি কর্মচারী হাসপাতাল হতে নির্বাচিত কয়েকটি সেবার সেবাগ্রহীতাদের নাম ও যোগাযোগের তথ্য চাওয়া হয়েছিল। যাচিত তথ্য সংশ্লিষ্ট সংস্থাসমূহের নিকট হতে পাওয়া গিয়েছে। এখন কোন পদ্ধতিতে সেবা প্রদান কার্যক্রম পরিবীক্ষণ করা হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।

০৩। আওতাধীন দপ্তর/সংস্থার নিকট হতে প্রাপ্ত সেবার সেবাগ্রহীতাদের তালিকা এবং সেবা প্রদান কার্যক্রম পরিবীক্ষণের পদ্ধতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সেবাগ্রহীতাগণ সিটিজেন্স চার্টারে বর্ণিত পদ্ধতি এবং সময়সীমার মধ্যে সেবা পেয়েছেন কি না সে বিষয়ে সেবাগ্রহীতাদের মতামত গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। কমিটির সদস্যগণ একটি করে সংস্থার একটি সেবার সেবাগ্রহীতাদের নিকট হতে টেলিফোনে আলাপ আলোচনা করে গৃহীত সেবা সম্পর্কে তাদের মতামত গ্রহণ করতে পারেন মর্মে সভায় আলোচনা হয়। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবার বিষয়ে কমিটির সদস্য সচিব ও উপসচিব, সিপি-ও শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-এর সেবার বিষয়ে কমিটির সদস্য উপসচিব, গাড়ী সেবা শাখা, বাংলাদেশ সরকারি কর্মচারী হাসপাতালের আয়ুলেন্স সংক্রান্ত সেবার বিষয়ে কমিটির সদস্য উপসচিব, সওব্য-২ শাখা এবং হাসপাতালের অপারেশন সংক্রান্ত সেবার বিষয়ে কমিটির সভাপতি ও যুগ্মসচিব, সিপি অধিশাখা সেবাগ্রহীতাদের সঙ্গে আলোচনা করে মতামত এবং তথ্য সংগ্রহ করতে পারেন মর্মে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:**

- ০১। পরিবীক্ষণ কমিটির বর্ণিত সদস্যগণ আগামী ১০ (দশ) দিনের মধ্যে সেবাগ্রহীতাদের সঙ্গে আলোচনা

করে সিটিজেনস চার্টারে বর্ণিত পদ্ধতি ও সময়সীমার মধ্যে কাঞ্চিত সেবা পেয়েছেন কি না এবং সেবার বিষয়ে তাদের মতামত ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য সংগ্রহ করবেন।

০২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবার বিষয়ে কমিটির সদস্য সচিব ও উপসচিব, সিপি-৩ শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-এর সেবার বিষয়ে কমিটির সদস্য ও উপসচিব, গাড়ী সেবা শাখা, বাংলাদেশ সরকারি কর্মচারী হাসপাতালের অ্যাসুলেন্স সংক্রান্ত সেবার বিষয়ে কমিটির সদস্য ও উপসচিব, সওব্য-২ শাখা এবং হাসপাতালের অপারেশন সংক্রান্ত সেবার বিষয়ে কমিটির সভাপতি ও যুগ্মসচিব, সিপি অধিশাখা সেবাগ্রহীতাদের সঙ্গে আলোচনা করে মতামত এবং তথ্য সংগ্রহ করবেন।

০৩। সেবাগ্রহীতাদের নিকট হতে তথ্য সংগ্রহের পর দপ্তর/সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে পরিবীক্ষণ কমিটির পরবর্তী সভা আয়োজন করা হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করবেন।

ড. আবু শাহিন মোঃ আসাদুজ্জামান  
যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন  
মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.১৬.০০৮.২২.৬৯

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০

২৪ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি):

- ১) উপসচিব, সওব্য-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) উপসচিব, গাড়ী সেবা শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) সিনিয়র সহকারী সচিব, বিধি-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪)  সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ওয়েবসাইটে  
আগলোড়ের অনুরোধসহ)।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব, সিপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোহাম্মদ শকেত আলী  
উপসচিব